দৈনিক সংবাদ

তারিখ ... NOV 01 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা মন্ত্রণালয়
## জাতীয় শিক্ষা জরিপ
### (পোস্ট প্রাইমারি) ১৯৯৯

শিক্ষা মন্ত্রণালয় দেশব্যাপী জাতীয় শিক্ষা জরিপ (পোস্ট প্রাইমারি) ১৯৯৯-এর কার্যক্রম গ্রহণ করেছে। বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) জরিপ আয়োজনের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। ২৩ অক্টোবর '৯৯ থেকে ৬ নভেম্বর '৯৯ পর্যন্ত মাঠ পর্যায়ে জরিপ অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে দেশের সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা, চিকিৎসা, প্রকৌশল, কৃষি, কারিগরি, প্রযুক্তি, পেশাভিত্তিক, শিক্ষক প্রশিক্ষণ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য যেমন—ক্যাডেট কলেজ, সার্ভে ইনস্টিটিউট, পালি টোল, কিন্ডারগার্টেন, কম্পিউটার ট্রেনিং সেন্টার ইত্যাদি প্রতিষ্ঠানসমূহের তথ্য সংগ্রহ করা হবে। এই জরিপ কাজে সহায়তার জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে (যেক্ষেত্রে প্রযোজ্য) (১) শিক্ষা প্রতিষ্ঠানের সত্যায়িত ছবি (পোস্ট কার্ড সাইজ ৩˝ X ৫˝) (২) শিক্ষক-কর্মচারীর সত্যায়িত ছবি (পাসপোর্ট/স্ট্যাম্প সাইজ) (৩) বয়সভিত্তিক শ্রেণীভিত্তিক শিক্ষার্থীদের সংখ্যা (৪) শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতিপত্র/অনুমতিপত্র/অধিভুক্তি ও নবায়নপত্রের মূল কপি (৫) অনুমোদিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/অর্গানাইজিং কমিটি/এ্যাডহক কমিটি/স্পেশাল কমিটি ইত্যাদির মূল কপি (৬) শিক্ষার্থীদের ভর্তি রেজিস্টার খাতা (৭) শিক্ষার্থীদের হাজিরা খাতা (৮) শিক্ষকদের হাজিরা খাতা। (৯) জমির দলিল/মালিকানাস্বত্ব বিষয়ক কাগজপত্র ও খতিয়ান (১০) শিক্ষার্থীদের বেতন ও সেশন চার্জ ও অন্যান্য ফি আদায়ের বহি (১১) শিক্ষক-কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূল কপি (১২) শিক্ষক-কর্মচারীদের নিয়োগ ও যোগদানপত্র (১৩) শিক্ষক-কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত রেজ্যুলেশন বহি (১৪) শ্রেণী শাখা থাকলে শাখা খোলার অনুমোদনপত্র (১৫) এমপিওভুক্তির অফিস আদেশ ও এমপিও সংক্রান্ত কাগজপত্র (এমপিও প্রিন্ট) (১৬) শিফট থাকলে শিফট খোলার অনুমোদনপত্র (১৭) শিক্ষক-কর্মচারীদের মাসিক বেতন প্রদানের রেজিস্টার (১৮) ছাত্রী উপবৃত্তি উত্তোলন ও প্রদানের রেকর্ডপত্র (১৯) গ্রন্থাগারের বইয়ের তালিকা (২০) বিজ্ঞানাগারের যন্ত্রপাতির তালিকা (২১) বিগত তিন বছরের ফলাফল শীট (২২) পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের নিকট থেকে ফি আদায়ের বহি (২৩) প্রতি শ্রেণীর শিক্ষার্থীদের জন্য তারিখভিত্তিক নির্ণিত বয়স রেজিস্টার (১-১-৯৯) (২৪) বিগত ৫ বছরের প্রাপ্ত উন্নয়ন সুবিধার বিবরণ (২৫) শিক্ষা প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব (সংশ্লিষ্ট বিল/ভাউচারসহ), ১৯৯৮-৯৯ ইত্যাদি কাগজপত্র প্রস্তুত রাখাসহ জরিপ কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা প্রদানের নির্দেশ দেয়া হচ্ছে।

ডিএফপি-২৪২৪০-৩১/১০

সি-৬৭৪৬ (৮ X ২)